

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বন্দ্র অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়
বন্দ্র ও পাট মন্ত্রণালয়
বিভাগীয় কর্মকর্তার দপ্তর



ডিসেম্বর/২২ খ্রি: মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	ইঞ্জি: ফারুক আহম্মদ উপ-পরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	১৫ ডিসেম্বর ২০২২ খ্রিঃ
সভার সময়	দুপুর ৩.০০ ঘটিকা
স্থান	কক্ষ নং ৩৯৫, বিভাগীয় বন্দ্র অধিদপ্তর, চট্টগ্রাম।
উপস্থিতি	অত্র কার্যালয়ের সকল কর্মকর্তা, কর্মচারীবৃন্দ ও টিভিআই সমূহের প্রতিনিধি

বিভাগীয় বন্দ্র অধিদপ্তর, চট্টগ্রাম কর্তৃক আয়োজিত ডিসেম্বর/২০২২ খ্রিঃ মাসের সমন্বয় সভায় সভাপতি জনাব ইঞ্জি: ফারুক আহম্মদ সভার শুরুতে সকলের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। তারপর তিনি টিভিআই সমূহের ভর্তি কার্যক্রম, নবম শ্রেণীর পরীক্ষা সংক্রান্ত বিষয়ে অগ্রগতি জানতে চান। সকল টিভিআই এর প্রধানগণ তাদের প্রতিষ্ঠানের ভর্তি ও পরীক্ষা সংক্রান্ত বিষয়গুলোর অগ্রগতি উপস্থাপন করেন। তারপর সভাপতি বিজয় দিবস উদযাপন সম্পর্কিত মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা প্রদান করেন।

পরবর্তীতে অত্র কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: আলী আহাব রাখা NISE Database এর এক্সেল শিট পূরণকৌশল নিয়ে আলোকপাত করেন। তিনি টিভিআই সমূহের সকল সুপারিনটেনডেন্টকে এপিএ, শুদ্ধাচার, সিটিজেন চার্টার, জিআরএস, তথ্য অধিকার ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে দ্বিতীয় কোয়ার্টারের সকল প্রতিবেদন সঠিক সময়ে প্রেরণ করতে অনুরোধ জানান। তিনি আরো বলেন যে, তথ্য অধিকার কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী প্রতিটি অফিসের তথ্যের ক্যাটাগরি প্রস্তুত করা বাধ্যতামূলক। বিশেষ করে প্রতিটি অফিসের সকল নথির শ্রেণীবিন্যাসের রেজিস্ট্রার সচিবালয়ের নির্দেশিকা-২০১৪ অনুযায়ী প্রস্তুত করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন-


সভায় গৃহীত সিদ্ধান্তসমূহঃ

১। টিভিআইসমূহ হতে এপিএ, শুদ্ধাচার, জিআরএস, সিটিজেন চার্টার, তথ্য অধিকার ও ইনোভেশন সংক্রান্ত ২য় ত্রৈমাসিক/ ১ম ষাণ্মাসিক প্রতিবেদন আগামী ১০/০১/২০২৩ খ্রি: তারিখের মাঝে প্রেরণ করার জন্য সিদ্ধান্ত প্রদান করা হলো।

২। টিভিআই কর্তৃক NISE Database পূরণ করে ২৯/১২/২০২২ খ্রি: তারিখের মাঝে অত্র কার্যালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৩। “তথ্য অধিকার কর্মপরিকল্পনা ২০২২-২৩” এর কার্যক্রম নং [১.৪] এর ভিত্তিতে তথ্যের ক্যাটাগরি ও ইনডেক্স প্রস্তুত/ হালনাগাত করে পৃথক রেজিস্ট্রার প্রস্তুত করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো। বিভাগীয় কার্যালয়কে অনুসরণ করে টিভিআইসমূহও এই ধরনের রেজিস্ট্রার আগামী ৩১/১২/২০২২ তারিখের মাঝে প্রস্তুত করে অত্র কার্যালয়ে প্রমাণক দাখিল করবে।

সর্বশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



ইঞ্জি: ফারুক আহম্মদ

উপ-পরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)


স্মারক নম্বর: ২৪.০২.২০০০.০১০.৯৯.১৩৪.২২.৮৯২

তারিখ: ৬ পৌষ ১৪২৯

২১ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সুপারিনটেনডেন্ট, খাগড়াছড়ি/বান্দরবান/রাঙ্গামাটি/কক্সবাজার/চট্টগ্রাম/কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/লক্ষীপুর/নোয়াখালী টিভিআই।
- ২) জনাব মো: ফয়সাল কবির, সহকারী পরিচালক (কারিগরি), তথ্য প্রধানকারী কর্মকর্তা, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ৩) সকল কর্মকর্তা/কর্মচারী, বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, চট্টগ্রাম



মোঃ আলী আহাব রাখা

সহকারী পরিচালক (কারিগরি)